

সীমিত

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর

প্রতিরক্ষা মন্ত্রণালয়

নতুন বিমান বন্দর সড়ক

তেজগাঁও, ঢাকা-১২১৫

তারিখ: ১১/০১/২০২১

ফ্যাক্স : ৮৮-০২-৫৮১৫০৮৫৩

ই-মেইল: info@dgdg.gov.bd

০৬.০৬.০০০০.২০২.৫৪.০০১.২১

০৭ ফেব্রুয়ারি ২০২১

২০০৯-২০২০ সাল পর্যন্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সাফল্য ও অগ্রগতির তথ্য প্রেরণ

বরাত :

ক। প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নম্বর ২৩.০০.০০০০.২৩০.০৬.০০৬.২০-২৪ তারিখ ৩১ জানুয়ারি ২০২১।

১। **ভূমিকা।** বর্তমান সরকারের “ডিজিটাল বাংলাদেশ” গড়ার লক্ষ্যমাত্রাকে সামনে রেখে অত্র মহাপরিদপ্তরের নিরাপত্তা ব্যবস্থা উন্নতকরণ এবং নাগরিক সেবা সহজীকরণের নানাবিধ উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যা নিম্নে প্রদত্ত হলোঃ

ক। **অটোমেটেড ভিজিটর স্লিপ প্রদান।** অত্র মহাপরিদপ্তরের অভ্যন্তরে টেন্ডার শিডিউল ক্রয় ও জমা, চুক্তিপত্র স্বাক্ষর ও ক্রয় সংক্রান্ত কার্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাক্ষাত প্রাপ্তির অনুমতি দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য অনলাইন ভিজিটর স্লিপ এর প্রচলন করা হয়েছে।

খ। **ডিজিডিপি'র ওয়েব সাইটে পণ্যের বিবরণ সংযোজন।** ডিজিডিপি'র ওয়েব সাইটে তালিকাভুক্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য, ক্রয় প্রক্রিয়া কার্যক্রম ও অন্যান্য তথ্য সার্বক্ষণিক আপডেট রাখা হচ্ছে।

গ। **ই-সার্ভিসের মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ।** ইলেকট্রনিক পদ্ধতিতে প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরে নাগরিক সেবা সহজীকরণের লক্ষ্যে অত্র মহাপরিদপ্তরের সেনা উইং-২ এর পি-৩ এ সেকশনের সকল ঔষধ ও ঔষধজাত দ্রব্যের ক্রয় কার্যক্রম ইলেকট্রনিক পদ্ধতিতে সম্পন্ন করা হচ্ছে। এই পদ্ধতিতে সরবরাহকারীগণের নিবন্ধন প্রক্রিয়া, অনলাইনে দরপত্র আহবান, প্রস্তাবনা দাখিল ও নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হচ্ছে।

ঘ। **নিরাপত্তা ব্যবস্থা উন্নীত করণ (CCTV)।** প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা অধিকতর উন্নত করার জন্য পর্যাপ্ত সিসিটিভি ক্যামেরা, ট্রান্সটাইল গেট, এক্সেস কন্ট্রোল সিস্টেম স্থাপন করা হয়েছে।

ঙ। **কিউ সিস্টেম ম্যানেজমেন্ট প্রবর্তন।** সর্বোত্তম এবং দ্রুততম সেবা নিশ্চিত করতে দরপত্র ক্রয়ের লক্ষ্যে আগত সরবরাহকারীগণের জন্য অত্র মহাপরিদপ্তরের অপেক্ষাগারে একটি কিউ ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন করা হয়েছে।

চ। **ইলেকট্রনিক ডিফেন্স প্রকিউরমেন্ট (ই-ডিপি) সিস্টেমের কার্যক্রম।** সশস্ত্র বাহিনীর ক্রয় কার্যক্রম স্বচ্ছতা ও দ্রুততার সাথে সম্পন্ন করণ এবং এর আধুনিকায়নের লক্ষ্যে ই-ডিপি প্রবর্তনের কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি সকল পণ্যের দরপত্র আহবান সংক্রান্ত তথ্যাদি ও কারিগরী বিনির্দেশ ডিজিডিপি'র ওয়েবসাইটে (www.dgdg.gov.bd) নিয়মিত প্রদান করা হচ্ছে।

১
সীমিত

সীমিত

ছ। তালিকাভুক্ত সরবরাহকারীগনের ফিংগার প্রিন্ট ডাটাবেজ সংরক্ষণ। প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা অধিকতর উন্নত করার জন্য সকল সরবরাহকারী এবং তাদের প্রতিনিধিগণের অনুকূলে আরএফআইডি কার্ড প্রদান এবং সরবরাহকারী ও তাদের প্রতিনিধিগণের ফিংগার প্রিন্ট সম্বলিত একটি ডাটাবেজ সংরক্ষণ করা হচ্ছে। ফলে সরবরাহকারীগণের সম্পর্কে তথ্যের সঠিকতা নিরূপন/নিশ্চিত করা সম্ভব হবে।

জ। ডিজিডিপি'র ওয়েব সাইট আধুনিকায়ন ও তথ্যবহুল করন। প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরের ক্রয় কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে ডিজিডিপির নিজস্ব ওয়েব সাইটে টেন্ডার নোটিশ, ক্ষেত্র বিশেষে টেন্ডার স্পেসিফিকেশন, ক্রয় পরিকল্পনা এবং অন্যান্য তথ্য সার্বক্ষণিক আপডেট রাখা হচ্ছে।

ঝ। অফিস ভবন নির্মাণ। ডিজিডিপি'র কার্যপরিধি বৃদ্ধি পাওয়ায় কর্মপরিবেশ উন্নত করার লক্ষ্যে ২০১৭-২০১৮ অর্থবছরে একটি ০৪ তলা ভবন নির্মাণ করা হয়েছে। উক্ত ভবনে টেন্ডার রুম, ওয়ান স্টপ রুম এবং ই-ডিপি সেকশন স্থানান্তর করা হয়েছে।

২। সদয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

খন্দকার মনিরুজ্জামান
উপপরিচালক
মহাপরিচালকের পক্ষে

বিতরণ :

বহির্গমনঃ

কার্যক্রম :

মোঃ আক্তারুজ্জামান

সিস্টেম এনালিস্ট

প্রতিরক্ষা মন্ত্রণালয়(১৫ অধিশাখা)

গণভবন কমপ্লেক্স

শেরেবাংলা নগর, ঢাকা

ই-মেইল: ap@mod.gov.bd | ictcell@mod.gov.bd